দৈনিক ইত্তেফাক

তারিখ AUG. ৭ 1 1999
পৃষ্ঠা ৭২ কলাম ৬

53



পাবনা ঃ চাটমোহরের ভাদড়া সরকারী প্রাথমিক বিদ্যালয় চত্বর বছরের ৮ মাসই এভাবে জলমগ্ন থাকে —ইত্তেফাক

# সরকারী প্রাথমিক স্কুলটি ৮ মাসই জলমগ্ন থাকে

পাবনা সংবাদদাতা ॥ জেলার চাটমোহর থানার মথুরাপুর ইউনিয়নের ভাদড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়টি নানা সমস্যায় জর্জরিত। তন্মধ্যে প্রধান সমস্যা হইতেছে বিদ্যালয়ের মাঠ ও উহার চতুর্দিক ভরা বর্ষা মৌসুমসহ বৎসরের প্রায় ৮ মাসই পানিতে ডুবিয়া থাকে। ফলে বিদ্যালয়ের দুই শতাধিক কোমলমতি ছাত্র-ছাত্রীর শ্রেণীকক্ষে পৌছাইতে চরম দুর্ভোগ পোহাইতে হয়। বিদ্যালয় মাঠের পানি নিষ্কাশনের কোনরূপ ব্যবস্থাই নাই। এলাকাবাসী ও শিক্ষকমন্ডলী জানান, চাটমোহর-পাবনা সড়ক সংলগ্ন বিদ্যালয়টির মাঠে মাটি ফেলিয়া ভরাট করা হইলে দুর্ভোগ কিছুটা লাঘব হইতে পারে। কিন্তু এই ব্যাপারে ইউনিয়ন পরিষদ, থানা পরিষদ কিংবা সংশ্লিষ্ট কোন দফতর হইতেই কোন পদক্ষেপ গ্রহণ করা হইতেছে না। উল্লেখ্য, অত্র এলাকায় ৩/৪ মাইলের মধ্যে আর কোন দ্বিতীয় প্রাথমিক বিদ্যালয় নাই।